# সুরাঞ্জলি

শ্রীদিলীপকুমার রায়

# উৎসর্গ

শ্রীমান শঙ্কর

স্নেহাস্পদেষু

কত স্মৃতিই ভেসে আসে ছবির মতন অন্তরে!—
কত গানের মূর্ছনা মিড় গমক আলাপ—ভিড় ক'রে!
ভাটিয়ালি, বাউল, সারি, কীর্তন, রামপ্রসাদী,
উর্দু গজল, হিন্দি ধ্রুপদ, টপ্পা, খেয়াল ওস্তাদী!
হিন্দু মুসলমান আদৃত হ'ত সমান গীত সভায়,
গান সুন্দর হ'লেই পেত পিতৃদেবের সাবাস-সায়।
আরো কত কথা—যদি আজ লিখি সবিস্তারে,
হয়ত নেশা বসবে পেয়ে স্মৃতিচারণ-ঝঙ্কারে!
তাই শুধু আজ দিই হিন্দি ভজনেরই সুসংবাদ—
কেমন ক'রে আমার বালক মন পেল তার প্রেমপ্রসাদ।

সব প্রথমে গ্রামোফোনে জান্‌কী বাইয়ের রামভজন
শুনতেই আমার উঠেছিল উচ্ছ্বসি' ভাই, কিশোর মন।
কিন্তু সে প্রায় সংস্কৃত গান, সবকথাও ধরতে তার
পারিনি হায়, সুর যদিও মনে হ'ত চমৎকার!*
যৌবনে তারপরে শুনি মীরাবাইয়ের প্রাণকাড়া
"চাকর রাখোজী" অপরূপ—যে-প্রার্থনায় ঘর ছাড়া
হয়েছিলেন রাজরাণী—শুনে আমার কী উচ্ছ্বাস
হৃদয়ে যে জাগত—"একি সত্যি প্রেমের ইতিহাস?"
শুধাত মন চমকে—কিন্তু যেত অবিশ্বাস ভেসে
যে-ই গাইতাম মীরাভজন আমি হিন্দিবন্দেশে।

তারপরে যেই এল পালা মীরাভজন—সংগ্রহের,
হলাম চারণ দেশে দেশে—ভাবাবেগে অন্তরের
ভাসিয়ে দিয়ে সুর-বন্যায় বেসুরা সব বাঁধবাধা—
কণ্ঠে যেমন ছায় ঝংকার হয় যেম্‌নি সুর সাধা।
মীরার ভজন সত্যিই আমায় করত উতল নিমেষে,
আহ্বানে তাঁর উধাও হ'ত মন-কবি নিরুদ্দেশে।

তা ব'লে তাঁর সব ভজনেই পেতাম না রস সমান তো!
কত মিশেল হয়েছে যে তাঁর গানে—হায় কে জানত!
পণ্ডিচেরি আশ্রমে তাই নানা গানই গাইতে তাঁর
(এই মিশেলের দরুণ) আমার মন দিতনা সাড়া আর।

শিষ্যা হ'য়ে দিল দেখা ইন্দিরা ঠিক এই সময়:
আবার আকাশগঙ্গা মীরার নামল—না, এ গল্প নয়।
দেখেছ তো স্বচক্ষেই—সে দিনের পরে দিন কেমন
ভাবসমাধির রাজ্যে শোনে মীরার গাওয়া প্রেমভজন—
তারপরে আবৃত্তি কেমন করে সে চোখের জলে,
তর্জমা যার করি আমি—সুর দিতেও মন গলে,
ভক্তির আলোয় মনের কালো কাটে কেমন উল্লাসে,
সুরঝর্ণার কল্লোলে মন রঙিয়ে ওঠে উচ্ছ্বাসে।…

* শ্রীরামচন্দ্র কৃপাল ভজমন হরণ ভবভয়দারুণম্।
নবকঞ্জলোচন কঞ্জমুখ কর কঞ্জপদ কঞ্জারুণম্।…
ইতি বদতি তুলসীদাস শঙ্কর শেষমুনিমনরঞ্জনম্।
মম হৃদয় কঞ্জ নিবাস কুরু কামাদি খলদলগঞ্জনম্।

বিশুদ্ধ সংস্কৃত নয়, যেহেতু বিভক্তি নেই; কিন্তু আমার সত্যিই মনে হ'ত এ দেবভাষা—তাই না বুঝেও মন উঠত উজিয়ে। এ-গানটি আমি পরে জান্‌কী বাইয়ের মুখে শুনি এলাহাবাদে তাঁর ওখানে। এখনও এ-গানটি তাঁর সুরে মন্দিরে গাই মাঝে মাঝেই।

ক্রমে ক্রমে সাত আট শো ভজন হ'লে সঞ্চিত,
মনে হ'ল—কেন করি সুরেলাদের বঞ্চিত ?
না, সুরেলাই নয় শুধু—এ-পুণ্যভূমি ভারতে
হাজার হাজার প্রেমার্থী চায় গাইতে ভজন প্রেমব্রতে।
স্বরলিপির মাধ্যমে তাই তাদেরও স্বাদ দিতে চাই
এমন গানের—ছন্দে ভাবে হিন্দিতে যার জুড়ি নাই।

কিন্তু স্বরলিপি ছাপার বাধা যে অগুন্তি—তাই
তুমি এসে দিলে আমায় ভরসা : "কুছ পরোয়া নাই।
ঢুঁড়লে আমি—কেউনা কেউ এ-প্রকাশনের ভার নেবেই ;
বলেনি কি সাহেবগীতাও—will থাকলে way মেলেই ?"
"সাধুসাধু, জীতা রহো, সাবাস জোয়ান—" করব ভাই

কত গুণগান তোমার আর ? তাই শুধু গাই—
"এই তো চাই :
ঘোর কলিতে ভজনে দেয় সত্যি সাড়া কয়জনা ?
শুধু বিরল আনন্দীরা—নেশা যাদের গান শোনা।
তাই তোমাকে চাই দরদী, বলতে আরো কত কী—
শুধু ভয় হয়—রটে পাছে : "না এর নাম স্থিতধী।"
জানে না তো তারা—নয় এ অধীরতার রং-ফেনা,
ভজনের মহিমা তারা—জানে না, তাই মানে না।
একটি ফুলও ফুটতে বাধা কত যে হয় করতে জয়—
জানি আমি—বরণ করি তাই তোমার এ-অভ্যুদয়,
যে-তুমি ভার নিলে প্রকাশ করতে মীরার গীতালি,
সে-তোমার অন্তরে জ্বলুক তাঁর আশিসের দীপালি।"

ইতি।

নিত্যাশীর্বাদক

**দাদা**

## নিবেদন

সবাই বলে বর্তমানে ভারতীয় সংস্কৃতিতে অবক্ষয় দেখা যাচ্ছে। তাই কাব্য, সাহিত্য ও সংগীতের মাঝে কালজয়ী সৃষ্টির সন্ধান পাওয়া যায় না। গভীর দুঃখের যেমন একটা আনন্দ আছে তেমনি প্রচণ্ড হতাশার মধ্যেও আশার প্রদীপ জলতে দেখা যায়। সুরকাব্য সংসদ সৃষ্টি হয়েছে এই রকমের প্রদীপ খোঁজবার উদ্দেশ্য নিয়ে। মননশীল রসিকের কাছে শ্রেষ্ঠ মনীষীদের কীর্তির নিদর্শন তুলে ধবার প্রয়াস সুরকাব্য সংসদের বর্তমান কার্যক্রম। এই পর্যায়ে আমাদের প্রথম প্রচেষ্টা—'সুরাঞ্জলি'।

রবীন্দ্রোত্তর যুগের অন্যতম শ্রেষ্ঠ মনীষী শ্রীদিলীপকুমার রায়। তাঁর মধ্যে আমরা দেখেছি একাধারে ভারতীয় সংস্কৃতির কল্যাণতম রূপ এবং পাশ্চাত্য কৃষ্টির শোভনতম স্বীকরণ। তাই তাঁর গান সুরে রসে ভাবে এক নূতন জগতের দিশারী। তাঁর এই সংগীত সুধা পরিবেশনের সৌন্দর্য অনবদ্য। কিন্তু তিনি লৌকিক জগতের দৈনন্দিন খেলা হ'তে বিদায় নিয়ে যোগী জীবন বরণ করে নিয়েছেন। তিনি তাঁর সংগীত কলাকে শিল্প-কলার শেষ লক্ষ্যে পৌঁছে দেবার সাধনায় উৎসর্গিত করেছেন। তাঁরই ভাষায়—'চায় হ'তে তাই অকূলমুখী আমার গানের ছন্দ ভাষা'। তাই তাঁর পরিবেশিত সঙ্গীত শ্রোতাদের চেতনাকে উর্ধ্বায়িত করে দিব্যতার অলোকস্পর্শে। পরিবেশনার এই রসস্ফূর্তি আমরা সাধারণ গায়কের কাছ হতে আশা করতে পারি না। কিন্তু শ্রীদিলীপকুমারের সঙ্গীতের এই আত্মিকরূপ ছাড়াও তার আঙ্গিকের প্রকরণ বৈচিত্র্য অনুপম তথা অভিনব। সঙ্গীতজ্ঞ তথা সুর-রসিকেরা স্বরলিপির মাধ্যমে তাঁর সুরকারুর এই বৈশিষ্ট্যগুলি কিছুটা অনুধাবন করতে পারবেন।

শ্রীদিলীপকুমারের সংগীতের বিকাশ এত ব্যাপক ও বিস্তৃত যে তার পূর্ণ ব্যঞ্জনা একটি মাত্র পুস্তকের মাধ্যমে প্রকাশ করা অসম্ভব। তবু যতদূর সম্ভব তাঁর বিভিন্ন সুরকৃতির সাধারণ পরিচয় সুররসিকরা এই পুস্তকের মাধ্যমে পাবেন বলে আশা করি। আমরা শ্রীদিলীপকুমার রায় মহাশয়কে এই পুস্তকটি প্রকাশ করার অনুমতি দেবার জন্য আন্তরিক সশ্রদ্ধ কৃতজ্ঞতা জানাচ্ছি। ইতি

দোল পূর্ণিমা

**সুরকাব্য সংসদ**

# ভূমিকা

( স্মৃতিচারণী )

ইন্দিরা দেবী ভাবসমাধির তন্ময় অবস্থায় কী ভাবে মীরাবাইকে চাক্ষুষ ক'রে তাঁর মুখে বহুবিধ গান শুনে সে গানগুলি আমাদের কাছে অনর্গল আবৃত্তি ক'রে যেতেন আর আমরা সবিস্ময়ে টুকে নিতাম সে-কাহিনী আমার নানা লেখায়ই লিপিবদ্ধ করেছি—বিশেষ ক'রে "তারাঞ্জলি"-র* দীর্ঘ ভূমিকায়। অনেকে এ-জাতীয় অলৌকিক ঘটনা বিষম অপছন্দ করেন, বিশেষ ক'রে বুদ্ধিবাদীরা—যখন তাঁরা বুদ্ধি দিয়ে এসব অঘটনের তল না পেয়ে ফাঁপরে পড়েন। তবে তাঁদের অবিশ্বাসের কারণ আমি বুঝি, কেননা একদা আমিও অঘটনে ( miracle ) বিশ্বাসী হ'য়েও সে-সত্যকে অঙ্গীকার করতে পারতাম না। তবু যে এসব অলৌকিক কাহিনীর কথা বলেছি "রমন্যাস" নাম দিয়ে ( আমার "অঘটনী গল্পমালার"† ভূমিকায় আমি ১৫টি রমন্যাসের তালিকা দিয়েছি ) তার কারণ আমি উপনিষদের মহাবাক্যে বিশ্বাস করি যে "সত্যমেব জয়তি"—অন্তিমে সত্যের জয় হবেই হবে। তাই আমি জানি যে, অদূর ভবিষ্যতে সকলকেই মানতে হবে যে অলৌকিক আবির্ভাব ভাগবতী কৃপার একটি বিশিষ্ট অবদান। কিন্তু সে অন্যকথা।

পণ্ডিচেরিতে আমার "সুরবিহার" স্বরলিপি গ্রন্থের দ্বিতীয় খণ্ডে আমি ইন্দিরা দেবীর অন্যূন ৪০টি গানের স্বরলিপি ছাপাই আমার বাংলা অনুবাদ সমেত।

অতঃপর তাঁর আরো তিনচারশো হিন্দি গানের বাংলা অনুবাদ করি—শতাধিক গানের ইংরাজী অনুবাদও ছাপা হবে বোধহয় আগামী বৎসর। এ-গানগুলি সুরে বসিয়ে যত্রতত্র গাওয়া সুরু করি মূল হিন্দি তথা বাংলা তর্জমায়। ফলে অনেক উৎসাহী শ্রোতা আমাকে ধরেন—গানগুলির স্বরলিপিও ছাপতে। প্রথম দিকে আমি তাঁদের কথায় কান দিইনি, কিন্তু ক্রমশঃ গানগুলি যখন অনেকেরই মনকে দুলিয়ে তুলল দেখলাম তখন মনে হ'ল—"সুরাঞ্জলি" নামে আর একটি স্বরলিপি গ্রন্থ ছাপলে মন্দ হয় না। কিন্তু ভরসা পাইনি। মনকে বোঝাই : "ভোলা মন! সন্ধ্যার ছায়া নামছে ভুলো না—কখন ডাক আসে কে জানে ? স্বরলিপি ছাপানোর হাজারো ঝামেলা—শেষ বয়সে কর্মভার বাড়িয়ে কাজ কি ?" সন্ধ্যার শান্ত লগ্নে মন সহজেই বৈরাগ্যের সুরে রঙিয়ে ওঠে—ভাঁজি গুন্ গুন্ ক'রে ইন্দিরা দেবীরই একটি সুন্দর গান বাউলের ভঙ্গিমায় ( মূল গানটি সুরাঞ্জলিতে দ্রষ্টব্য ) :

কোন্ দেশ হ'তে তুই এসেছিস মুসাফের কোন দেশে হবে যেতে ফিরে,
ভুলে গিয়েছিস বুঝি মাঝপথে—নীড়ে কোন্ পরম বিরাম লভিবিরে ?
এজগৎ ক্ষণিকের পান্থনিবাস, তোর আপন আলয় দূর তীরে :
কর্ম করিস কেন গুরুভার দিনে দিনে—তুলিতে হবে না তায় কিরে ?

এ-হেন সঙ্কটের সন্ধিলগ্নে অভ্যুদিত হলেন আমাদের পরম স্নেহাস্পদ শ্রীমিলন সেন ও শ্রীশঙ্কর বন্দ্যোপাধ্যায়—খানিকটা অপারে কাণ্ডারীর মতনই বলব। নৈলে হয়ত "সুরাঞ্জলি" আত্মপ্রকাশ করত না আমার জীবদ্দশায়। যদি এ-গানগুলি সুররসিকদের কাছে সমাদৃত হয় তবে ভবিষ্যতে আরো ৭০।৮০টি মীরাভজনের তথা আমার নিজের ৪০।৫০টি গানের স্বরলিপি প্রকাশ করার ইচ্ছা রইল—অবশ্য যদি সে-ইচ্ছায় ঠাকুরের ইচ্ছার রাজিনামা থাকে।

* তারাঞ্জলি—ইন্দিরা দেবীর "শ্রুতাঞ্জলি-প্রেমাঞ্জলি" ও 'দীপাঞ্জলি'-র-নানা গানের বাংলা অনুবাদ ( প্রকাশক সুরকাব্য সংসদ )

† অঘটনী গল্পমালা ( অধ্যয়ন—২০।এ গোবিন্দ সেন লেন, কলিকাতা-১২, প্রকাশক শ্রীযতীন্দ্রকুমার ঘোষ )

শ্রীদিলীপকুমার রায়

## নয়

এবার স্বরাঞ্জলি-র প্রসঙ্গে আসি। স্বরাঞ্জলিতে চার শ্রেণীর গান বিন্যস্ত হ'ল :

১। যে-সব মীরাভজন ইন্দিরাদেবীর ধ্যানশ্রুত কিন্তু শুধু কথা, সুর নয়। সুর যোজনা—আমার।

২। যে-সব গানের সুরও তিনি আমাকে গেয়ে শুনিয়েছেন আর আমি সঙ্গে সঙ্গে স্বরলিপি ক'রে নিয়েছি—অর্থাৎ কথা ও সুর দুই-ই মীরার। এ-গানগুলি ইন্দিরা দেবী আমাদের মন্দিরে প্রায়ই গেয়ে থাকেন অবিকল মীরার সুরে। এগুলি সূচীপত্রে* তারকাচিহ্নিত হ'ল।

৩। আমার মূল বাংলা গান।

৪। ইন্দিরা দেবীর বাঁধা তিনটি স্বদেশী গান রইল।

আমার অনুবাদ সম্বন্ধে 'মধুমুরলী' তথা 'তারাঞ্জলি'-তে অনেক কিছুই লিখেছি ভূমিকায়। তার সারমর্ম এই যে, আমি আমার ভজন-অনুবাদ সাধ্যমত ইন্দিরাদেবীর মূল গানের ছন্দ ও মিলবিন্যাস বজায় রাখবার প্রয়াস পেয়েছি যাতে ক'রে মূল ও তর্জমা একই সুরে গাওয়া যায়। আমি গেয়েও থাকি আমার নানা সাঙ্গীতিক সফরে। এ-সূত্রে দেখেছি যে, অনেকেই আমার এ-যুগলবন্দ গানে শুধু যে রস পান তাই নয় আমার নানা সুর-বিহারে ও আঁখরে সাড়াও দেন মনেপ্রাণে। তাঁদের কৃতজ্ঞতা জানিয়ে বলি—আমি তাঁদের জন্যেই গান বাঁধি, গল্প গাঁথি, সুর দেই, আঁখর জোগাই—অবশ্য প্রেরণার আলোয়—কারণ প্রেরণা নৈলে কিছুই দাঁড়ায় না।

শেষে শুধু আর একটি কথা বলবার আছে। যাঁরা এ-গানগুলি আমার মুখে শুনেছেন তারা এ-স্বরলিপি দেখে সহজেই সুরগুলির কাঠামো আয়ত্ত করতে পারবেন। কিন্তু ভঙ্গি তান আঁখরের স্বরলিপি প্রণয়ন অসম্ভব। বস্তুতঃ আঁখর বা তানের জন্যে চাই-ই চাই গায়কের কল্পনা তথা সুর প্রতিভা। অর্থাৎ স্বরলিপিতে মাত্র গানের সুরটুকুর বিগ্রহ রচনা চলে, তাতে প্রাণ প্রতিষ্ঠার ভার কেবল গায়কেরই। তবে বাংলা দেশে আজকাল স্বরলিপির বহুল প্রচার হয়েছে বলে আশা করা যায় যে, এ-স্বরলিপির নানা ত্রুটি ও অসম্পূর্ণতা সত্ত্বেও ভজনার্থীরা গানগুলি কণ্ঠে তুলতে পারবেন। বাংলা তর্জমাগুলি সর্বত্রই মূল হিন্দির সুরে গাওয়া চলবে ছন্দবদলের দরুণ সামান্য একটু আধটু সুর বদলে, যথা : চতুর্মাত্রিক হিন্দি ভজনের তর্জমা যখন ত্রিমাত্রিক বাংলা ছন্দে হয় তখন সুর তিনের ছন্দে গাওয়াই ভালো। এ-ভাবে ছন্দ বদল ক'রে গাওয়া দুঃসাধ্য হবার কথা নয় যদি গীতার্থীর সুরে কিছুটাও দখল থাকে। ইতি

সুরকার

# পরিপ্রেক্ষণিকা (Survey)

( স্মৃতিচারণী )

শ্যামল

স্নেহাস্পদেষু

তুমি আমার "স্মৃতিচারণে" পড়েছ নিশ্চয়ই যে, একদা শিশু দ্বিজেন্দ্রলাল বারো বৎসর বয়সে চাঁদ সম্বন্ধে একটি সরল গান বেঁধে তাঁর নিজের দেওয়া সুরে পরমানন্দে গাইছিলেন সন্ধ্যায় চাঁদকে সম্বোধন ক'রে :

গগনভূষণ তুমি জনগণমনোহারী '
কোথা যাও নিশানাথ হে নীল নভোবিহারী।*

( গানটি আমি তাঁর কাছে শিখে যত্র তত্র গাইতাম সুরটি চমৎকার লাগত ব'লে। পরে প্রৌঢ় বয়সে এ-গানটির সুরে বাঁধা কবি নিশিকান্তের একটি প্রাণস্পর্শী গান গ্রামোফোনে দিয়ে বহু সুররসিকের সাড়া পাই :

পূজা আমার সাঙ্গ হ'ল হৃদয় মাঝে তোমায় পেয়ে।
এখন শুধু চলছি পথে তোমারি গান গেয়ে গেয়ে।
এখন শুধু সুখের তালে বইছে তরী ভরা পালে
আপন ভুলে কূল অকূলের মাঝির মুখে আছি চেয়ে।

কাণ্ডারী যার সাথের সাথী—কী হবে তার পার-অপারে ?
কী হবে তার দিনের আলোয়, রাতের কালো অন্ধকারে ?
ফুরিয়ে গেছে সাধনসাধা আকুলতার কাঁদন কাঁদা,
এখন শুধু পরম পাওয়ার সুর আছে মোর কণ্ঠ ছেয়ে। )

শিশুরা সব দেশেই গান গায়—ছড়াও লিখে থাকে, কে না জানে ? কিন্তু ছন্দে মিলে নিখুঁৎ গান বেঁধে স্বরচিত অনবদ্য সুরে জুড়িগাড়ি চালাতে পারে এমন প্রতিভাধরের সম্বন্ধেই কেবল বলা যায় : "যে পারে সে আপনি পারে, পারে সে ফুল ফোটাতে" —যার সাহেবি নাম "প্রডিজি"। পিতৃদেবের মুখে শুনেছি তাঁর পিতৃদেব ( বাংলার প্রখ্যাত ওস্তাদ খেয়ালিয়া—দেওয়ান কার্তিকেয়চন্দ্র রায় ) আড়াল থেকে গানটি শুনে মুগ্ধ হ'য়ে তাঁকে আশীর্বাদ ক'রে ভবিষ্যদ্বাণী করেছিলেন : "তুই বড় গাইয়ে হবি।"

গাইয়ে বাজিয়ে ওরফে ওস্তাদ কালোয়াৎ বলতে আমরা বুঝি যাকে সাহেব পুরাণে বলে "মিউজিশিয়ান।" সুরকার কথাটি সে-যুগে অজ্ঞাত ছিল ব'লেই পিতামহ বালকপুত্রকে বলেন নি : "তুই বড় সুরকার হবি।" বলতে কি, সে-যুগে কারুর মনেই একটা কাটাছাঁটা ধারণা গ'ড়ে ওঠে নি ওস্তাদ আর সুরকারের তফাৎটা ঠিক কোথায়।†

---

পুরো গানটির সুর আমার "দ্বিজেন্দ্রগীতি" স্বরলিপিতে দিয়েছি। সুরটি স্বরলিপি থেকে তুলে যদি তারস্বরে গাও আনন্দ পাবেই পাবে—এমন চমৎকার ও ওরিজিনাল বন্দেশ সুরটির—ঠুংরি চালে, অথচ খাস বাংলার দরদে ভরা।

† . "সুরকার" পারিভাষিক শব্দটি আমিই প্রথম গ'ড়ে তুলে রবীন্দ্রনাথের সমর্থন তথমা কপালে এঁটে আমার "সাঙ্গীতিকী" গ্রন্থে পেশ করি। পরে এ সুষ্ঠু "এপিথেটটি" চালু হয় গুণিসংসদে !

## এগারো

সুরকারের ইংরাজী জনক কম্পোজারের (composer) সংজ্ঞা হয়ত আমাদের অবচেতন মনের অজানা ছিল না, কিন্তু তাঁদেরও আমরা প্রায় সকলেই সঙ্গীতকার—মিউজিশিয়ান—ব'লেই তারিফ করতাম, জানতাম না জানার মত ক'রে যে, সুগায়ক বা সুবাদক না হ'য়েও বড় সুরকার হওয়া যায়।

অথ, দ্বিজেন্দ্রলালও তাঁর অভ্যুদয়ের প্রথম পর্বে গায়ক ব'লেই নাম কিনেছিলেন—সুরকারের শিরোপা পান অনেক পরে। কিন্তু সে অন্য কথা, আমি পুরাকাহিনীর পুনরাবৃত্তি করতে চাই না, তাই মনকে রুখছি—খুশখেয়ালের পথে চ'লে যেন অবান্তরের অবতারণা না করি, বলি—কী ভাবে স্বরকৃতির পথে চ'লে পৌঁছেছিলাম ইন্দিরা দেবীর ভজনে সুর-দেওয়ার পর্বে। কিন্তু তার আগে সুরকৃতি ( composition ) সম্বন্ধে আমার চেতনা কী ভাবে জেগে উঠেছিল একটু খুলে না বললেই নয়।

পিতৃদেবের দেহান্তের পরে আমার সৌভাগ্য হয় রবীন্দ্রনাথের সঙ্গে আলাপ করার তথা তাঁর অবিস্মরণীয় স্নেহ পাওয়ার। কিন্তু মুস্কিল হ'ল এই যে, তাঁর গান আমি সে-যুগে ভালোবাসতে পারি নি ব'লেই তাঁর সুরকৃতির মহিমা তেমন উপলব্ধি করতে পারি নি। বস্তুতঃ, রবীন্দ্রসঙ্গীত গাওয়া মোটেই সহজ নয়। তাঁর সুরকৃতির মনোজ্ঞ আলোছায়া খুব কম গায়কের কণ্ঠেই ফোটে। পিতৃদেবের মজলিশে বহু গায়কই এসে গাইতেন রবীন্দ্রনাথের নানা গান। কিন্তু তাঁদের মধ্যে সুগায়কের দেখা পেতাম না ব'লেই রবীন্দ্রনাথের গানের কবিত্বে মুগ্ধ হ'লেও সুরে সাড়া দিতে পারতাম না। রবীন্দ্রনাথের গানে আমি প্রথম আকৃষ্ট হই অধ্যাপক শ্রীসুরেন্দ্রনাথ মৈত্রের কণ্ঠে তাঁর গান শুনে। কিন্তু মৈত্র মহাশয়ের গলা ছিল মেয়েলি, চোখ বুঁজে শুনলে মনে হ'ত নারীকণ্ঠের গান—যেমন বিখ্যাত পিয়ারা সাহেবের ঠুংরি। পুরুষের কণ্ঠে মেয়েলি চাল যেন ভালো লেগেও লাগতে চায় না, ঠিক যেমন মেয়েদেরও পুরুষালি ভঙ্গি ভালো লাগে না। তবু তাঁর কণ্ঠে দরদ ও সুর ছিল ব'লে তাঁর মুখে বিশেষ ক'রে "আজি যত তারা তব আকাশে" গানটি শুনে চম্‌কে উঠি: সত্যিই তো অপূর্ব সুর! কিন্তু তবু ঐ যে বললাম একটু "কিন্তু" রয়ে গেল। রবীন্দ্রসঙ্গীতের মাধুর্য আমার মনে ছোঁওয়া দিয়েও ধরা দিল না। তাঁর গান আমি প্রথম অকুণ্ঠে ভালোবাসতে শিখি এক বিচিত্র পরিবেশে: শুনলাম এক মুসলমান বাইজির মুখে:

আগুনের পরশমণি ছোঁয়াও প্রাণে।
এ-জীবন পুণ্য করো দহনদানে।

যেমন অপরূপ কণ্ঠ—মিড়ে দরদে মূর্ছনায় নিখুঁৎ, তেম্‌নি সুরের গতিভঙ্গি সাবলীল—স্বাধিকারপ্রমত্ত নয়, স্বাধিকারে সুপ্রতিষ্ঠ। পরে গাইতে গাইতে হঠাৎ উঠে ধীর ভঙ্গিতে নৃত্য—সে কি ভুলবার?

আমার এই দেহখানি তুলে ধরো,
তোমার ওই দেবালয়ের প্রদীপ করো···

এর পরে রবীন্দ্রনাথের গান শুনে আনন্দ পাই দুতিনটি গায়ক গায়িকার মুখে—কিন্তু সে অন্যকথা। এই সূত্রে বোধহয় ফুটিয়ে তুলতে পেরেছি—কেমন ক'রে তাঁর সুরের আশ্চর্য স্বকীয়তা সৌকুমার্য ও সমৃদ্ধি আমার মনে ঢেউ তুলল। কিন্তু মুস্কিল হ'ল—তিনি আমাকে স্বাধীনতা দিতে চাইলেন না স্বরবিহারের অর্থাৎ improvisation নিষিদ্ধ। ফলে তাঁর নানা গানই আমি শিখেও গাইতে রাজী হই নি। একথাটি বলা দরকার মনে করছি এই জন্যে যে, সেযুগে অনেকেই আমাকে ভুল বুঝেছিলেন এই সিদ্ধান্ত ক'রে যে, রবীন্দ্রনাথকে অসামান্য সুরকার ব'লে আমি স্বীকার করি না। ( কয়েক বৎসর পূর্বে ভূপালে রবীন্দ্রসদনে আমি নিমন্ত্রিত হই প্রখ্যাত গুণী আলাউদ্দিন খাঁর সম্বর্ধনায় গান গাইতে। সেখানে তাঁকে জিজ্ঞাসা করি খাঁটি বাংলায়: "কী খাঁ সাহেব, মনে পড়ে আমাকে, না ভুলে ব'সে আছেন?"

তাতে তিনি হেসে খাঁটি বাংলায়ই জবাব দেন : "আপনাকে ভুলব ? বলেন কি ? আমি কি পশু ?" শুনে আমাদের সে কী হাসি ! যাঁরা বলেন যে, আমি রবীন্দ্রনাথের স্বরকৃতির অনুরাগী নই তাঁদের আমি বলতে চাই খাঁ সাহেবের দোয়ার দিয়ে : "রবীন্দ্রনাথকে আশ্চর্য সুরকার ব'লে মান্‌ব না ? আমি কি পশু ?" )

এর পরে শান্তিনিকেতনে বহুবারই রবীন্দ্রনাথের নানা গান শুনে মুগ্ধ হয়েছি—বিশেষ ক'রে তাঁর ছাত্রছাত্রীদের সম্মিলিত কণ্ঠে। ( "নটীর পূজা" অভিনয়ে কবি "আমায় ক্ষমো হে ক্ষমো" ভৈরবী গানটি গৌরী দেবীর অপরূপ নৃত্যসঙ্গীতে শুনে আমার বুকে অশ্রুসাগর দুলে উঠেছিল—সেকথা আমি অভিনয়ের পরে গিয়ে কবিকে বলেছিলাম সোচ্ছ্বাসেই। ) তাছাড়া রবীন্দ্রনাথের কাছে আমি তিনটি গান শিখেছিলাম : তুমি উষার সোনার বিন্দু প্রাণের সিন্ধুকূলে, সহসা ডালপালা তোর উতলা যে ও চাঁপা ও করবী এবং হে ক্ষণিকের অতিথি—যেটি সেদিন রেডিও ষ্টুডিয়োতেও গেয়েছি, ১১ই মার্চ ১৯৬৯ তারিখে।

এর পরের পর্বেই আমার মনে স্বরকৃতি চেতনার আলো জ্ব'লে ওঠে—বার্লিনে গান শিখতে গিয়ে। সেখানে প্রথম শুনলাম যে, কম্পোজার ও এক্সেকিউটাণ্ট ( executant ) এদের থাকই আলাদা। ওদের দেশেও গাইয়ে বাজিয়েদের ( যথা শালিয়াপিন, কারুজো, পল রোবসন, ক্রাইজলার, পাখমান, বুসোনি··· ) প্রতিপত্তি অগাধ। তাঁরা কোথাও গাইতে গেলে মাসখানেক আগে সব টিকিট বিক্রি হ'য়ে যায়। কিন্তু তবু কোনো সঙ্গীতজ্ঞই এঁদের সে-উচ্চমঞ্চে বসিয়ে আরতি করবেন না যেমন করবেন বীটোভেন, বাখ, মোজার্ট, মেণ্ডেলসন, শূমান, শূবার্ট প্রমুখ স্বরকারদেরকে।

তখন আমার মনে প্রথম জাগল পুলকস্পন্দ : তাহ'লে তো গুরুজিকি ফতে—যেহেতু আমিও যে অনায়াসে সুররচনা করতে পারি। অথ, একের পর এক নানা সুর রচনা সুরু করলাম—প্রথম ওদের নানা গানের সুর ভেঙে, পরে একেবারে স্বাধিকারে। বাঁধলাম একটি গান : "প্রিয় তোমার কাছে যে-হার মানি সেই আমার জয়" ভৈরবী-ভীমপলশ্রী ঝাঁপতালে। এ গানটির স্বরলিপি শেষে দিলাম আরো এইজন্যে যে এটি পরে বিশেষ সমাদর লাভ করে : স্বয়ং নজরুল আমাকে বলেছিল খোলা হেসে : "অপূর্ব !" তারপরে ব্রজভাষায় বাঁধি "হোলি খেলতে আজু কনহই।" ( এ গানটি এখনো মন্দিরে গেয়ে থাকি ও শুনে অনেকেই উচ্ছ্বসিত হয়ে ওঠেন ) আরো কয়েকটি গান বাঁধি নতুন সুরে, কিন্তু সেগুলি এ-দুটি গানের মতন রসোত্তীর্ণ হয় নি ব'লে তাদের স্বরলিপি দিলাম না। প্রেরণাকে কি ডাক দিলেই সে সাড়া দেয় ? রবীন্দ্রনাথ আমাকে একটি গান স্বহস্তে লিখে বলেছিলেন সুর দিতে ( তাঁর মুক্তাক্ষরে-লিখিত গানটি আজও আমার দপ্তরে আছে ) :

"তোমার বীণা আমার মনোমাঝে
কখনো শুনি কখনো ভুলি কখনো শুনি না যে।"

এ গানটির সুর দেওয়ার সময় নিশ্চয়ই আমি সে-বীণা শুনিনি। শুনলে রবীন্দ্রনাথ মাথা নেড়ে "হুঁম্" ব'লেই ক্ষান্ত হতেন না। কিন্তু যা বলছিলাম।

অতঃপর আমার সুরকৃতির অধ্যবসায় ঢিমিয়ে আসে ১৯২২ এর শেষে দেশে ফিরে ওস্তাদ বাইজির খোঁজে ভ্রাম্যমাণ হওয়ার দরুন। খৃষ্টদেব মিথ্যা বলেননি : "যে যা সত্যি খোঁজে—খুঁজে পায়ই পায়।" আমি চাইলাম ওস্তাদি গানে পারঙ্গম হ'তে। শিখলাম দশবারোটি ওস্তাদের এবং দুতিনটি বাইজির কাছে অনেক গান। কিন্তু শেখা মানে তো অভিনিবেশ। আমার মন উন্মুখ হ'য়ে উঠল রাগসঙ্গীতে নাম করতে—বিশেষ ক'রে ঠুংরি টপ্পায়। নামডাকও হ'ল বৈকি, শুধু হা হতোঽস্মি : সুরকৃতির যে-আগুন জ্বলেছিল বার্লিনে সে নিভে না গেলেও স্তিমিত হ'য়ে

আমাকে আরো ঠেলে দিল ওস্তাদি চরকিবাজির বাজিকর হ'তে। (আমি ওস্তাদি সঙ্গীতে তালিম নেওয়ার কথা বিশদ ক'রেই লিখেছি আমার "ভ্রাম্যমাণের" দ্বিতীয় সংস্করণে।)

কিন্তু ওস্তাদি গানে নাম করলে হবে কি, নিয়তিঃ কেন বাধ্যতে—আমি ছুটলাম সব ছেড়ে পণ্ডিচেরি। সেখানে মহামানব শ্রীঅরবিন্দের চরণ ছায়ায় হ'লাম যোগব্রতী। যোগের সঙ্গে সঙ্গীতের গভীর যোগ আছে কিন্তু সে থাক—বলতে গেলে একটা নতুন পর্বের অবতারণা করতে হবে। সুরকৃতির কথাই বলি।

পণ্ডিচেরির অজ্ঞাতবাসে আমার বার বারই মনে পড়ত পণ্ডিত ভাতখণ্ডের একটি কথা—বলেছিলেন তিনি ধূর্জটিকে যখন সে বলে "দিলীপ ওস্তাদদের কাছে আরো কিছু শিখুক এখন।" তাতে তিনি বলেন: "দিলীপকুমারের আর শেখার দরকার নেই, উনি জন্মেছেন সুরের ঝর্ণা ঝরাতে।" অর্থাৎ সুরকার হ'তে। এর আগে তিনি আমাকে উপাধি দিয়েছিলেন: "Nightingale of Bengal." (যেমন মহাত্মা গান্ধি পরে নাইটিংগেল উপাধি দিয়েছিলেন ৺উমা বসুকে—কিন্তু সে অন্য কথা।)

আমি অবকাশ পেয়ে ওস্তাদি গানের রেয়াজ কমিয়ে দিয়ে ব্রতী হ'লাম গানের পর গান বাঁধতে ও সুরের পর সুর দিয়ে সুরকারের শিরোপা পেতে। "যাদৃশী ভাবনা যস্য সিদ্ধির্ভবতি তাদৃশী"—আমার সুরের উৎসমুখ খুলে গেল। তার উপরে সহযোগী হ'লেন কবি নিশিকান্ত। তিনি প্রায়ই নতুন নতুন গান বাঁধতেন আর আমি সুর দিতাম। সে আনন্দের কথা ভাষায় কেমন ক'রে বলব? গুরুদেবকে লক্ষ্য ক'রে একটি গানে যা লিখেছিলাম তার দুটি চরণ বীণাপাণিকে উদ্দেশ ক'রে বলতাম সে-সময়ে, আজও বলি কৃতজ্ঞ উচ্ছ্বাসে:

"এমনি স্মরণে জাগালে পরাণ, ভুলালে যা কিছু ছিল স্মরণে।
কী পেয়েছি তার কী গাহিব গান, কী দিয়েছ হায় কহি কেমনে?"*

প্রত্যক্ষ দেখলাম সুরসৃষ্টি ক'রে সুরকার হওয়ার আনন্দ ও গৌরব ওস্তাদি গান গেয়ে বাহবা পাওয়ার আনন্দের চেয়ে অনেক বেশি গভীর তথা স্থায়ী।

অতঃপর—আট বৎসর পণ্ডিচেরিতে যোগ তথা সুরসাধনার পরে—কলকাতায় ১৯৩৭ সালে এসেই আমার সুরকৃতির প্রেরণা আরো উৎসারিত হ'য়ে বহু শ্রোতাকেই চমকে দিল—বিশেষ ক'রে এ সুরগুলি যার অতুল্য কণ্ঠের প্রেরণায় এসেছিল তার মুখে শুনে। সে ৺উমা বসু—ডাক নাম হাসি। অমন কণ্ঠ মেয়েদের মধ্যে আর আমি শুনি নি, বোধহয় আর শুনবও না এ-জীবনে। শুধু কণ্ঠই নয়—কী অসামান্য প্রতিভা! কিন্তু হাসির কথা আমার "ছায়ার আলো" উপন্যাসে লিখেছি, তাই এখানে শুধু এইটুকু ব'লেই থামব যে, তার মুখে আমার গান শোনার আনন্দের নির্মল আলোয় আমি যেন নিজের সুরকার রূপের নব নব বিকাশ দেখতে পেতাম দিনের পর দিন।

কিন্তু তার পরেই ১৯৪১ সালে তার অকাল মৃত্যুতে গান গাওয়া, গান বাঁধা, সুর দেওয়া, স্বরলিপি করা—কিছুতেই আমি আর মন বসাতে পারতাম না।

এই সময়ে কবি নিশিকান্ত ফের আমাকে উস্কে দিলেন নানা মঞ্জুল গান বেঁধে। আমি তো শুধু সুরকারই নই, তার উপরে কবি ও যোগী তো—শোককে আঁকড়ে ধ'রে থাকতে পারব কেন? ফের সুরু করলাম গান বাঁধতে ও সুর দিতে—আমার, নিশিকান্তের এবং আরো কয়েকটি বন্ধুবান্ধবীর গানে।

---

* কবিত্ব, ভক্তি ও সুর—এই ত্রিবেণীসঙ্গমে এ গানটি আমার কাছে অতি আদরণীয়—আমার সর্বশ্রেষ্ঠ গানের অন্যতম। "সুরবিহার" প্রথম ভাগে এর স্বরলিপি দিয়েছি।

এসব গান নানা শহরে নানা আসরে গেয়ে শ্রীঅরবিন্দ আশ্রমের জন্যে টাকা তুলতাম। এইভাবে আট বৎসর কাটার পরে এল আর এক সুরগঙ্গার স্রোত—আমার যোগের তথা সঙ্গীতের কবিত্বের আনন্দলোকে অভ্যুদয় হ'ল কন্যা শিষ্যা ইন্দিরা দেবীর—১৯৪৯ সালে। তিনি সমাধি অবস্থায় শুনতেন নানা অপরূপ ভজন আর আমি সুর দিতাম—প্রতি সপ্তাহেই অন্ততঃ তিন চারটি গানের। (শুধু হিন্দি ভজনগুলিরই নয় বাংলা অনুবাদেও সেই সুর বসাতাম—এ-পর্যায় আজও শেষ হয় নি—তিনি সমানে গান দিয়ে চলেছেন, আমি—সুর। যথা, কলকাতায় তাঁর জন্মোৎসবে ফাল্গুনী পূর্ণিমায়—৫. ৩. ১৯৬৯ তারিখে—তিনি একটি চমৎকার গান আবৃত্তি করেন "তু একবার আ হরী তু বন্ গোপাল আ"—এ গানটি সুরে বসিয়ে ১৮. ৫. ৬৯—গেয়েছিলাম আমাদের মন্দিরে। সুরাঞ্জলি-তে তার স্বরলিপি দিয়েছি।)

১৯৪৯ সালে ইন্দিরা দেবী সমাধিশ্রুত ভজন আবৃত্তি করা সুরু করেন, এ-বৎসরে বৈশাখেও তিনি একটি গান দিয়েছেন—অদ্যাবধি সবশুদ্ধ অন্ততঃ সাতশো। এর মধ্যে বাছাই ক'রে তিনটি ভজনাবলি ছাপা হয়েছে :

(১) শ্রুতাঞ্জলি ও প্রেমাঞ্জলি—একখণ্ডে
(২) সুধাঞ্জলি
(৩) ভাবাঞ্জলি ও দীপাঞ্জলি—একখণ্ডে

এ-তিনখণ্ডে কয়েকটি উর্দু গানও আছে তাঁর, তথা কয়েকটি জাতীয় সঙ্গীত ও দ্বিজেন্দ্রলালের বিখ্যাত গঙ্গাস্তোত্র "পতিতোদ্ধারিণি গঙ্গে"-র হিন্দি অনুবাদ। একুনে ৫৭০ এর কম হবে না।

এর মধ্যে ৩৭টি ভজনের সুর প্রথম পণ্ডিচেরিতে প্রকাশ করি সুরবিহার দ্বিতীয় ভাগে। (প্রথম ভাগে প্রকাশ করেছিলাম আমার ও নিশিকান্তের নানা বাংলা গান, জর্মন ফরাসী ইতালিয়ান ও ইংরাজী নানা গানের সুরে বাঁধা বাংলা গান, দ্বিজেন্দ্রলালের চার পাঁচটি স্বদেশী গান, কয়েকটি শঙ্করাচার্যের স্তোত্র, আমার স্বরচিত সংস্কৃত গান, বন্দেমাতরমের নব নাট্যরূপ···ইত্যাদি)।

তারপর অনেকদিন বাদে "সুরকাব্যসংসদ" নামে আমার এক অনুরাগী গোষ্ঠী গ'ড়ে উঠল। তার প্রধান উদ্যোক্তা বন্ধুবর শ্রীমিলন সেন ও আমাদের প্রিয় শিষ্য শ্রীশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের আনুকূল্যে সুরাঞ্জলি প্রকাশ করা সম্ভব হ'ল। এতে ইন্দিরা দেবীর শ্রুত (ও আবৃত্ত) গান রইল ৪৬টি, তিনটি স্বদেশী গান ও দুটি হিন্দি গান—আমার গানের অনুবাদ। এছাড়া আমার স্বরচিত কয়েকটি গান দেওয়া হ'ল এবং আমার যৌবনে বাঁধা দুটি গান : "প্রিয় তোমার কাছে যে-হার মানি" ও "হোলি খেলত আজু কনহই"। শেষ করলাম দ্বিজেন্দ্রলালের পতিতোদ্ধারিণি গানের হিন্দি অনুবাদে—ইন্দিরা দেবী এ-গানটির অনুবাদ করেন পণ্ডিচেরিতে। ইচ্ছা ছিল আরো গান দেবার। যদি সুরাঞ্জলি গুণীদের কাছে আদৃত হয় তবে দ্বিতীয় ভাগে আরো ভজন কীর্তন স্তবের স্বরলিপি প্রকাশ করার ইচ্ছা রইল— দপ্তরে স্বরলিপি রয়েছে প্রচুর, চাহিদা হ'লে প্রকাশ করা কঠিন হবে না—তবে হ'য়ে উঠবে কি না এক ঠাকুর জানেন, আর কেউ নয়। Man proposes God disposes প্রবচনটি বলে : "সাবধান! কথা দিও না দিও না দিও না।" ইতি—

তোমার
দিলীপদা

# সূচীপত্র

সতেরো

শ্রীমতী ইন্দিরা দেবী

## নামকীর্তন

### গঙ্গা-স্তবের স্বরে

১

হরি গাও…হরি গাও।
জয় রাম সিয়াপতি রাম সিয়াপতি ধ্যাও।
জো রাম নাম সব সংকট কাটে,
সখি, রাম কো ক্যোঁ বিসরাও ?

২

জয় দশরথনন্দন দুখভঞ্জন রঘুরাঈ।
জয় সীতাবল্লভ ভবভয়হারণ রাম সদা সুখদায়ী।
জয় রাম সিয়াপতি রাম সিয়াপতি রাম সিয়াপতি ধ্যাও।
জয় রাম রাম সিরি রাম রাম সিরি রাম রাম নিত গাও॥
হরি গাও…হরি গাও।
হরি নাম মধুর হরিনাম মধুর হরি ধ্যাও॥

৩

জয় মাধব মুকুন্দ মোহন মুরলীধারী।
জয় গিরি গোবর্ধন গোকুলচারী রাধানাথ মুরারি।
জয় রাধে গোবিন্দ রাধে গোবিন্দ রাধে গোবিন্দ গাও।
জয় রাধে রাধে রাধে রাধে রাধে শ্যাম ধিয়াও।
হরি গাও…হরি গাও।
হরি নাম মধুর হরিনাম মধুর হরি ধ্যাও॥

৪

জয় মহাদেব শিব শম্ভু ত্রিশূলধারী।
জয় উমামনোহর জয় যোগেশ্বর গঙ্গাধর ত্রিপুরারি।
জয় হর হর হর হর জয় শিব শঙ্কর জয় জগদীশ্বর ধ্যাও
জয় হর হর ভোলা, হর হর ভোলা, হর হর ভোলা গাও
হরি গাও…হরি গাও।
হরি নাম মধুর হরি নাম মধুর হরি ধ্যাও॥

৫

জয় জয় দুখহারিণি দুর্গা গৌরী মৈয়া।
জয় জয় ভবতারিণি কালী মাতা জয় জয় গঙ্গা দৈয়া।

## সুরাঞ্জলি

জয়　সদ্‌গুরু গোবিন্দ এক সখী রী, জয় গুরু জয় গুরু গাও।
সখি,　সদ্‌গুরু বিন গতি নহীঁ জগৎমে সদ্‌গুরু নাম ধিয়াও॥
হরি গাও···হরি গাও।
হরি　নাম মধুর হরিনাম মধুর হরি ধ্যাও।

১

এসো কাছে···আরো কাছে
শুনি তোমার জলের মুক্তি-নূপুর বাজে।
সেই নটন আলোয় কাটে কালোর বাঁধন সকাল সাঁঝে।

২

ভালো বেসেছি মা তোমায় শিশুকালে।
গান　গেয়েছি কতই উছাসে তোমার স্নেহের তালে।
আশা　স্বপ্ন কতই পেয়েছে মা ভাষা তোমার নাচে
তোমার　পেয়েছি পরশ বেদনায় কতই সকাল সাঁঝে।

৩

যারা বলে: তুমি শুধুই জলের ঢেউ মা,
তারা　প্রাণ-অতলে তোমার কোলের ডাক শোনে নি কেউ মা।
তাই　জানে না—প্রেম তোমার ডাকে যে যেখানে আছে:
যারা　কান পাতে—পায় শুনতে: "প্রেমের বুকেই প্রেমল রাজে।"

৪

তোমার আনন্দে পাই দিশা অন্ধকারে।
তোমার　ছন্দে উজান বায় মা এ-প্রাণ পায় অভয় অপারে।
তুমি　অকূল উধাও বাঁশি বাজাও: "মনের মানুষ আছে,
ওরে,　করলে বরণ তার শ্রীচরণ মরে মরণ লাজে।
তার　গাঁথলে মালা হয় উজালা জীবন সকাল সাঁঝে।"

## তাল—চতুর্মাত্রিক

II সা ন্‌া I সা -া গা -া । -া -া গা গা I গমা ধা পা -া । -া -া মা গা I
এ সো কা • ছে • • • আ রো কা • ছে • • • শু নি
হ রি গা • ও • • • হ রি গা • ও • • • জ য়

I রগা -া গা -া । গমা ধা পা ধপা I মগা -া -া মা । গা রা সা রা I
তো • মা র জ • লে র মু • ক্‌ তি নূ • পু র
রা • ম সি য়া • প তি রা • ম সি য়া • প তি

I সন্‌া -া সা -া । -া -া সা র্সা I র্সা -া র্সা -া । র্সা -া র্সা র্রর্সা I
বা • জে • • • সে ই ন • ট ন আ • লো য়
ধ্যা • ও • • • জো • রা • ম না • ম স ব

I না র্সা না ধা । পা ধা ণা -া I পধা -া পা -া । -া -া মা গা I
কা • টে • কা • লো • • • • • • • ষ ত
স ং ক ট কা • টে • • • • • • • স খি

I মা ধা ধা ণা । ধা পা পা ধা । মা পা মা গা । -া -া II
বাঁ • ধ ন স • কা ল সাঁ • ঝে • • •
রা • ম রো কোঁ • বি স রা • ও • • •

সা ন্‌া I সা -া গা -া । গা -া গা -া I গা মা মা পা । পা ধা পা ধা I
ভা লো বে • সে • ছি • মা • তো • মা য় শি • শু •
জ য় দ শ র থ ন ন্‌ দ ন দু খ ভ ন্‌ জ ন র ঘু

I মা পা পা -া । -া -া পা ধা I ধা র্সা র্সা -া । র্সা -া র্সা র্রর্সা I
কা • লে • • • গা ন গে • য়ে • ছি • ক •
রা • ঈ • • • জ য় সী • তা • ব ল্‌ ল ভ

# স্বরাঞ্জলি

[ না র্সা না -া । ধা না ধপা -া I পা না না র্সা । না ধা ধা না I
ত ই উ ০ ছা ০ সে ০ তো ০ মা র স্নে ০ হে র
ভ ব ভ য় হা ০ র ণ রা ০ ম স দা ০ সু খ

পধা -া পা -া । -া -া মা গা I মা ধা -া ধা । ধা -া ধা গা I
তা ০ লে ০ ০ ০ আ শা স্ব ০ প্‌ ন ক ০ ত ই
দা ০ য়ী ০ ০ ০ জ য় রা ০ ম সি য়া ০ প তি

ধা পা পা ধা । পা -া পা মা I মা -া মা ধা । পা মা মা পা I
পে ০ য়ে ০ ছে ০ মা ০ ভা ০ ষা ০ তো ০ মা র
রা ০ ম সি য়া ০ প তি রা ০ ম সি য়া ০ প তি

গমা -া গা -া । -া -া গা মা I র্সা -া র্সা -া । না -া ধা -া I
না ০ চে ০ ০ ০ ক ত পে ০ য়ে ০ ছি ০ প ০
ধ্যা ০ ও ০ ০ ০ জ য় রা ০ ম রা ০ ম সি রি

পা ধা পা -া । মা -া মা পা I গা -া গা মা । গা -া রা গা I
র শ বে ০ দ ০ না য় ক ০ ত ই স ০ কা ল
রা ০ ম রা ০ ম সি রি রা ০ ম রা ০ ম নি ত

সরা -া সা -া । -া -া II
সাঁ ০ ঝে ০ ০ ০
গা ০ ও ০ ০ ০

---

বাংলা গানটির দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ স্তবকের সুর একই। স্বরলিপিতে কেবল দ্বিতীয় স্তবকের সুর দেওয়া হ'ল। হিন্দি গানটির সম্বন্ধেও ঐ কথা, অর্থাৎ দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ ও পঞ্চম স্তবকের একই সুর। এ-গানটির সুর ভাটিয়ালি—বাংলার নদীর গান। ইন্দিরা দেবী এই সুরে তাঁর নামকীর্তনটি বানিয়েছেন—যাতে হরিকৃষ্ণ মন্দিরের সাধক সাধিকারা সবাই কোরাসে গাইতে পারেন। বাংলা গানটিও সহজেই কোরাসে গাওয়া যায়—খুবই সহজ সুর।

জয় জয় সুন্দর নন্দকিশোর।
জয় জয় দেবী রাধারাণী, মুরলীমনোহর, জয় চিতচোর॥
জয় চিতনন্দন, জয় দুখভঞ্জন, জয় চিরসজ্জন, জয় সুখধাম।
জয় গিরিধারী, হৃদয়বিহারী, কৃষ্ণ মুরারি সুধাময় নাম॥
জয় নারায়ণ, জয় কমলাসন, নিত্য নিরঞ্জন, জয় ঘনশ্যাম।
জয় শিব শঙ্কর উমামনোহর, সীতাবল্লভ রঘুপতি রাম॥
জয় নারায়ণি, জয় তারা জয়, জয় মা দুর্গা, জয় কালী।
জয় ভাগীরথি জননী গঙ্গা, জয় রাধা, জয় বনমালী॥
জয় গুরু নানক, মহাপ্রভু, অরবিন্দ, শ্রীরামকৃষণ কী জয়।
জয় গুরু, জয় গুরু, জয় গুরু, জয় গুরু, জয় হরি হরি চরণনকী জয়।
দেবদেব জয়, ভকতবছল জয়, সন্তনকী ভকতনকী জয়।
জয় গুরু, জয় গুরু, জয় গুরু, জয় গুরু, জয় হরি হরি চরণনকী জয়॥

## চতুর্মাত্রিক

II র্সা র্সা পা পা । মজ্ঞা মজ্ঞা রসা রা I সণ্‌া সা রা মা । পা র্সা -া -া I
জ য় জ য় সুন্ • দ• র নন্ • দ কি শো • • র

I র্সা র্রা র্সনা র্সা । ণধা ণা ধপা ধা I পমা পা মজ্ঞা মা । জ্ঞরা জ্ঞা রসা রা I
জ য় জ• য় দে• • বী• • রা• • ধা• • রা• • ণী• •

I সণ্‌া সা রা জ্ঞা । মা পা ধা ণা I র্সা র্রা র্মজ্ঞা র্রজ্ঞা । র্রর্সা -া -া -া II
মু• র লি ম নো • হ র জ য় চি ত চো • • র

I না না না র্সা । নধা না ধপা ধা I গা পা ধা না । র্রা -া র্সা র্সা I
জ য় চি ত নন্ • দ ন জ য় দু খ ভ ন্ জ ন
জ য় না • রা • য় ণি জ য় তা • রা • জ য়

I না র্সা র্রা র্জ্ঞা । র্রা র্জ্ঞা র্রা র্জ্ঞা I র্সা র্রা র্মজ্ঞা র্রজ্ঞা । র্রর্সা -া -া -া I
জ য় চি র স জ্ জ ন জ য় সু খ ধা • • ম
জ য় মা • দু র্ গা • জ য় কা • লী • • •

## সুরাঞ্জলি

না র্রা র্রা র্সা । র্সা -া র্সা র্রা I না র্রা র্রা র্সা  র্সা -া র্সা -া I
জ য় গি রি ধা ০ রী ০ হৃ দ য় বি হা ০ রী ০
জ য় ভা ০ গী ০ র থি জ ন নী ০ গ ং গা ০

গা মা পা ধা । না র্সনা ধা পা I র্গা -া র্রা র্রা । র্সা -া -া -া I
কৃ ষ ণ মু রা ০ রি সু ধা ০ ম য় না ০ ০ ম
জ য় রা ০ ধা ০ জ য় ব ন মা ০ লী ০ ০ ০

সা মা মা -া । রা পা পা পা I গা ধা ধা ধা । ক্ষা না না না I
জ য় না ০ রা ০ য় ণ জ য় ক ম লা ০ স ন
জ য় গু রু না ০ ন ক ম হা ০ প্র ভূ ০ অ র
দে ০ ব দে ০ ব জ য় ভ ক ত ব ছ ল জ য়

পা র্সা র্সা র্সা । ধা র্রা র্রা র্রা I না র্গা র্রা না  র্সা -া -া -া I
নি ০ ত্য নি র ন্ জ ন জ য় ঘ ন শ্যা ০ ০ ম
বি ন্ দ শ্রী রা ০ ম কৃ ষ ণ কী ০ জ ০ ০ য়
স ন্ ত ন কী ০ ভ ক ত ন কী ০ জ ০ ০ য়

র্গা র্রা র্সা না । ধা না পা ধা I র্রা র্সা না ধা । পা ধা গা পা I
জ য় শি ব শ ং ক র উ মা ০ ম নো ০ হ র
জ য় গু রু জ য় গু রু জ য় গু রু জ য় গু রু

সা রা গা মা । পা ধা না র্সা I র্রা র্গা র্মর্গা র্রা । র্সা -া -া -া I
সী ০ তা ০ ব ল্ ল ভ র ঘু প০ তি রা ০ ০ ম
জ য় হ রি হ রি চ র ণ ন কী০ ০ জ ০ ০ য়

## নীলের ডাক

আয় তুই আজ আয় একলা পাখী, আয় আয় আমার বুকের মাঝে ॥
দেখবি পাখী, এলে কাছে—বুকের মাঝেই আকাশ আছে।
মিথ্যে একা থাকিস্ রে তুই,
জানিস না হায় তাই তো কিছুই,
"প্রেমেই মেলে মুক্তি"—শোন্ ঐ, তোরও বুকের বীণায় বাজে ॥
ভালোবাসাই আরাধনা,
আমাকে জানার সাধনা,
প্রেমের বরেই বাঁধন কাটে, খাঁচা ভাঙে, মরা বাঁচে।
ভালোবাসে যে সে-ই জানে—
পায় পাখা প্রাণ প্রেমের দানে,
সব হারালে সব মেলে—তুই আজো পাখী জানিস না যে।

### ত্রিমাত্রিক

I া া সা । সা রা রা I জ্ঞা -া সরা । জ্ঞা পা -া I
∘ ∘ আয় তুই আজ আয় এ ক লা পা খী ∘

I া া র্সা । ণর্সণা ধা পা I মপা গমা -া । জ্ঞা রা -া I
∘ ∘ আয় তুই আ মার বু কে র মা ঝে ∘

I া া ধা । ণা পধা ধা I ধণা র্রা র্সা । ণা ধা ণা I
∘ ∘ দেখ্ বি পা খী এ ∘ লে কা ছে ∘

I পা -া মা । র্সা ণা ধা I পা গমা -া । জ্ঞা রা -া I
∘ ∘ বু কের মা ঝেই আ কা শ আ ছে ∘

I া া মা । পা না না I র্সা র্সা র্রা । র্সনা র্সা -া I
∘ ∘ মি থ্যে এ কা থা কি স্ রে তু ই
∘ ∘ ভা লো বা সে যে সে ই জা নে ∘

। । র্রা । র্জ্ঞা র্রা র্জ্ঞা I সর্রা র্মা র্জ্ঞা । র্রা র্সা -া I
• • জা নিস না হায় তা৹ ই তো কি ছু ই
• • পায় পা খা প্রাণ প্রে ৹ মে র দা নে •

। । পা । র্সা না র্সা I ধা র্সা ণা । ধা পা ধা I
• • প্রে মেই মে লে মু ক্ তি শোন্ ঐ •
• ৹ প্রে মের ব ন্ধেই বা ধ ন কা টে •

। । মা । পা ধা পা I মপা গমা -া । জ্ঞা রা -া I
৹ • তোর ও বু কের বী ণা য় বা জে •
• • খাঁ চা ভা ঙে ম রা ৹ বাঁ চে ৹

। । সা । রা মা পা I ধা র্সণা র্সণা । ধা পা -া I
৹ ৹ ভা লো বা সাই আ রা ৹ ধ ন ৹

। । মা । পা না র্সা I র্রা -া র্মর্জ্ঞা । র্রা র্সা -া I
• • আ মা কে জা না র সা ধ না •

। । র্সা । র্রা র্সনা র্সা I ণধা ণা পা । ধা র্সা -া I
• ৹ সব হা রা৹ লে স ব মে লে তু ই

। । র্রা । র্সা ণা ধা I পা গমা জ্ঞা । রা রা -া I
• • আ জো পা খী জা নি স্ না যে ৹

## সুরাঞ্জলি

১

অব চল্ বস্ নগর গোপালকে মন, বৃন্দাবন হরিদরশন পায়েঁ।
অব ছাঁড় সকল জঞ্জাল রে মন, যমুনাতট গোবিন্দ গুণ গায়েঁ॥

২

রহে গোবিন্দজীকে দ্বার খড়ে
রহে রাধাজীকে শরণ পড়ে
অব চাকর বন্ নন্দলালকে মন, জো দেবে প্রভুজী হম পায়েঁ॥

৩

না মোহ রহে, না পাপ রহে
না শঙ্কা চিন্তা তাপ রহে
না অপনা পরায়া কোই রহে, সব গোবিন্দজীকে হো জায়েঁ॥

৪

নিত গোবিন্দ গোবিন্দ গায়া করেঁ,
নিত রাধে রাধে ধ্যায়া করেঁ,
অব ডোর হরীপর ডাল দেঁ মন! প্রভু রাখেঁ মারেঁ জো চাহেঁ।

৫

কহতী মীরা: "সুন ব্যাকুল মন!
চল্ জায় বসেঁ অব বৃন্দাবন;
অব জনম জনমকী প্যাস মিটে হম প্রেমসুধা অব পী আয়েঁ॥"
( যহাঁ প্রেমকী যমুনা বহতী, চল্ হমভী ··গরিয়া ভর লায়েঁ )

---

(২) (৩) (৪) (৫) চারটি স্তবকই এক সুরে গেয়।

১

বৃন্দাবনে চল আজ হরি দরশন পেতে চল্ রে মন!
এ-মায়ার খেলা ছেড়ে যমুনার তীরে গাই তার নাম ভজন।

২

দুয়ারে বঁধুর আয় রে আয়
যাচি' চির ঠাঁই রাধার পায়
গোপালের দাস হ'য়ে গাই আয়: "যা দেবে করিব নাথ বরণ

৩

জড়ায়ে না থাকে মোহ কি পাপ
শঙ্কা চিন্তা দুঃখ তাপ
কে আপন পর ছেড়ে সে বিচার তারেই কেবল গণি' আপন।

৪

শুধু হরি হরি গাহিব গান
শুধু রাধারূপ করিব ধ্যান
সব সঁপি তারে জীবনে মরণে তারি শ্রীচরণে চেয়ে শরণ।

৫

মীরা গায়: শোন্ ব্যাকুল মন!
চল চল সেই বৃন্দাবন
জনমান্তর পিপাসা মিটাতে বরি' প্রেমসুধা চিরন্তন
(প্রেমের যমুনা উছল যেথায় ভরিতে গাগরী সেথায় মন!)

---

বাংলা গানটি অবিকল মূল হিন্দী ভজনটির সুরে তালে গাওয়া যায়। কিংবা শুধু তালটি বদলে ত্রিমাত্রিক ন্দ মূল-এর সুরে গাওয়া যায় কিংবা (২) স্তবক ত্রিমাত্রিক ছন্দে গেয়ে (৩) ও (৪) স্তবক চতুর্মাত্রিক ছন্দে য়ে (৫) স্তবক ত্রিমাত্রিক ছন্দে ফিরে আসা যায়। আমি সচরাচর তাল ফের ক'রে থাকি। কিন্তু ইন্দিরা বী মূল হিন্দি ভজনটির প্রতি অন্তরা মীরার সুরে গেয়ে থাকেন একই সুরে তালে।

হম প্রেমনগরকে বাসী হৈঁ, বৃন্দাবন হম হরিগুণ গায়েঁ।
হম মতবারে হৈঁ, উদাসী হৈঁ, কভি আয়েঁ কভী চলে জায়েঁ॥
কভি মধুবনকে হম ফূলবনেঁ,
কভি কুঞ্জগলীকী ধূলবনেঁ,
কভি ডালবনেঁ, কভি মূলবনেঁ, কভি হঁসেখিলে, কভি মুরঝায়েঁ॥
হম যুগ যুগ লাখোঁ রূপ ধরেঁ,
আয়েঁ মন গোবিন্দ প্রীতভরে,
হম প্রেম করেঁ, নিত প্রেম করেঁ, নিত বনে প্রেমমে মিট জায়েঁ॥
কভি যমুনাজীকি তরঙ্গ বনেঁ,
কভি গগনভোরকা রঙ্গ বনেঁ,
কভি গোপীহৃদয়কি উমঙ্গ বনেঁ, কভি শ্যামকি মুরলী হো জায়েঁ॥
কভি রাজা মানিকধারী বনেঁ,
কভি পথকে দীন ভিখারী বনেঁ,
কহে মীরা: "কভী পূজারী বনেঁ, কভি সব খো দেঁ, কভি সব পায়েঁ॥"

আমরা প্রেমের ব্রজবাসী, করি হরিগুণগান, নামভজন।
চলি মাতোয়ারা উদাসী আমরা, আসি যাই—চায় মন যেমন
কভু হই ফুল মধুবনের,
কভু ধূলি প্রেমনিকুঞ্জের,
কভু শাখা কভু শাখী, কভু ফুটে ঝ'রে যাই এলে সাঁঝলগন॥
যুগে যুগে নানা রূপ ধরি,
হরিপ্রেমরসে প্রাণ ভরি,
প্রেমের ব্যাপারী—প্রেমে উচ্ছলি' হই লীন পরে প্রেমমগন।
কভু হই যমুনার তরং,
কথনো গগনে উষার রং,
কথনো গোপীর হিয়ার আবেশ, কথনো বঁধুর বাঁশি মোহন॥
কভু রাজা মণিমালী মহান,
কথনো পথের ভিথারী ম্লান,
কথনো পূজারী, কথনো নিঃস্ব, কথনো বিলাই ধনরতন॥

সা ন্‌া II সা পা পা ধপা । মা গা রা গা I মা ধা ধা গধা । পা -া গা পা I
অ ব চ ল্‌ ব স ন গ র গো পা ০ ল কে ম ন্‌ বৃ ন্‌
অ ব ছাঁ ০ ড় স ক ল জ ন্‌ জা ০ ল রে ম ন্‌ য মু

I র্সা র্সা র্সা র্র্সা । ণা ণা ধা পা I ধা ধা পমা গা । রা -া সা ন্‌া II
দা ০ ব ন হ রি দ র শ ন পা ০ য়ে ০ অ ব
না ০ ত ট গো ০ বিন দ গু ণ গা ০ য়েঁ ০ র হে

I সরা গা গা রা । রগা মা মা গা I গমা পা পা ধা । পা -া পা পা I
গো ০ বিন্‌ দ জী ০ কে ০ দ্বা ০ র খ ড়েঁ ০ র হে

I র্সা -া র্সা র্রা । র্সণা -া ধা পা I ধা ধা পমা গা । রা -া সা ন্‌া I
রা ০ ধাঁ ০ জী ০ কে ০ শ র ণ প ড়ে ০ অ ব

I সা পা পা ধপা । মা গা রা গা I মা ধা ধা ণধা । পা -া গা পা I
চা ॰ ক র ব ন্ ন ন্দ লা ॰ ল কে ম ন্ জো ॰

I পধা র্সা র্সা র্রর্সা । ণা ধা পা পা I ধা ধা পমা গা । রা -া সা ন্া II
দে ॰ রে - প্র ভু জী ॰ হ ম পা ॰ য়েঁ ॰ অ ব

(৩) (৪) ও (৫) স্তবক (২) স্তবকের সুরে গেয়—"রহাঁ প্রেমকি ···লায়েঁ" চরণটিও "অব ছাড়···· গায়েঁ"র সুরে গেয়।

এর পরে অবিকল এই সুরে ও তালে পরের দুটি ব্রজগোপীর গান গাওয়া চলবে।

১

চল রি সখী বৃন্দাবন জায়েঁ,
হিল মিল আজ হরিগুণ গায়েঁ,
গোবিন্দজীকে দরশন পায়েঁ
নর-নারী সব ধাবত হৈঁ ॥

২

আজ কাজ সব ছোড় চলেঁ রী!
আজ তো বন্ধন তোড় চলেঁ রী!
প্রীত হরী সংগ জোড় চলেঁ রী!
আজ মুরলিয়া বুলাবত হৈঁ ॥

৩

আজ রহেঁ না কোঈ পরায়ে,
আজ সখী সব জগ অপনায়ে,
হরী প্রেমমে ইক হো জায়েঁ,
প্রেমকে ঠাকুর আবত হৈঁ ॥

৪

নাচত গাবত আজ চলেঁ রী!
চল রি সখী, কর সাজ চলেঁ রী!
আজ মিলনে মহারাজ চলেঁ রী!
বনঠন মীরা গাবত হৈঁ ॥

১

চল্ সখী যাই বৃন্দাবনে
সবে মিলে গেয়ে হরি বরণে,
দরশন পেতে এ স্থলগনে
নর নারী সব দেখ লো ধায়ে!

২

সব কাজ ছেড়ে চল্ ওপারে,
বন্ধন কেটে বরি' উদারে,
প্রেমডোরে বেঁধে চির সখারে,
বাঁশিসুরে ডাকে সে উভরায়।

৩

পর যেন কেউ না থাকে আর
নিখিলে আপন করি আমার
এক হব লভি সঙ্গ তার
প্রেমনাথ ডাকে : আয় রে আয়!

৪

নেচে গেয়ে চল চিরচরণে
আলো সাজে সেজে বৃন্দাবনে
বঁধুয়ার সাথে মধুমিলনে—
মীরাদাসী মহানন্দে গায় ॥

II র্সা র্সা র্সা র্সা । ধনা ধনা ধপা -া I গপা গপা ধা র্সা । ধর্সা ণা ধা -া I
চ ল রি স খী ০ বৃ ন্ দা০ ০০ ব ন জা০ ০ য়েঁ ০
আ ০ জ র হেঁ ০ না ০ কো০ ০০ ই প রা০ ০ য়ে ০

I র্সা র্সা ণর্সণা ধা । পধপা মা গা রগা I রসা রা গা মা । রগা রগা রসা -া I
হি ল মি০০ ল আ০০ ০ জ হ রী ০ গু ণ গা ০ য়েঁ ০
আ ০ জ০০ স খী০০ ০ স্ ব জ গ অ প না ০ য়েঁ ০

I সরা গা রগা মা । গমা পা ক্ষপা ধা I পধা র্সা নর্সা র্রা । র্সণা র্সণা ধা পা I
গো০ ০ বিন্ দ জী০ ০ কে০ ০ দ০ র ০শ ন পা ০ য়েঁ ০
হ০ রী ০০ প্রে ০০ ম মে০ ০ ই০ ক হো ০ জা ০ য়েঁ ০

I রা র্রা র্রা -া । র্সর্রা র্গা র্রা র্সা I না পা ধা র্রা । র্সা -া -া -া II
ন র না ০ রী০ ০ স ব ধা ০ র ত হৈঁ ০ ০ ০

I সা পা পা পা । -া পা পা পা I ক্ষপা ধা পা ধা । পমা গমা গা রা I
আ ০ জ কা ০ জ স ব ছো০ ০ ড় চ লেঁ ০ রী ০
না ০ চ ত গা ০ র ত আ০ ০ জ চ লেঁ ০ রী ০

I রা -া রা গা । গমা ধা পা পা I পমা গমা গরা গা । রসা রা সা -া I
আ ০ জ তো ব ন্ ০ ধ ন তো০ ০০ ড়০ চ লেঁ০ ০ রী ০
চ ল রি স খী০ ০ ক র সা০ ০০ জ০ চ লেঁ০ ০ রী ০

I সরা মরা মা পা । ণা ধণা মা পা I মপা না না র্সা । নর্সা র্রা র্সণা ধপা I
প্রী০ ০০ ত হ রী ০ স ঙ্গ জো০ ০ ড় চ লেঁ০ ০ রী০ ০০
আ০ ০০ জ মি ল ন ম হা রা০ ০ জ চ লেঁ০ ০ রী০ ০০

I র্রা -া র্রা র্রা । র্সর্রা র্গা র্রা র্সা I না পা ধা র্রা । র্সা -া -া -া II
আ ০ জ মু র০ লি য়া বু লা ০ র ত হৈ ০ ০ ০
ব ন ঠঁ ন মী০ ০ রা ০ গা ০ র ত হৈ ০ ০ ০

"আজ মুরলিয়া বৃন্দাবন হৈ" গেয়ে সার্গম গাওয়া চলবে :

I না র্সা র্গা র্রা । না -া র্সা -া I ধা না র্রা র্সা । না -া পা -া I
নি সা গা রে নি • সা • ধা নি রে সা নি • পা •

I হ্মা পা র্সা না । ধা -া পা -া I ধপা মা গা রা । সা -া -া -া I
মা পা সা নি ধা ◦ পা ◦ পা মা গা রে সা ◦ ◦ ◦

I সা গা রা ন্‌া । সা -া -া -া I পা না ধা হ্মা । পা -া -া -া I
সা গা রে নি সা ◦ - ◦ পা নি ধা মা পা ◦ ◦ ◦

I র্সা র্গা -া র্রা । র্সা না -া ধা I গা পা -া ধা । র্সা -া -া -া I
সা গা ◦ রে সা নি ◦ ধা গা পা ◦ ধা সা • • ◦

I র্সা র্সা -া র্সা । ধা ধা -া ধা I পা পা -া পা । গা -া -া -া I
সা সা • সা ধা ধা ◦ ধা পা পা • পা গা ◦ • •

I সা রা -া গা । না ধা -া পা I গা পা -া র্রা । র্সা -া -া -া I
সা রে • গা নি ধা · পা গা পা • রে সা ◦ ◦ ◦

I র্গা র্গা র্রা র্রা । র্সা র্সা ধা র্সা I না -া -া -া । র্রা র্রা র্সা র্সা I
গা গা রে রে সা সা ধা সা নি ◦ ◦ ◦ রে রে সা সা

I না না পা না । ধা -া -া -া I র্সা র্সা না না । ধা ধা হ্মা ধা I
নি নি পা নি ধা ◦ ◦ ◦ সা সা নি নি ধা ধা মা ধা

I পা -া -া -া । না না ধা পা I হ্মা গা রা গা । সা -া -া -া I
পা • • ◦ নি নি ধা পা মা গা রে গা সা ◦ • ◦

বলাবাহুল্য (১) (৩) এক সুরে গেয়, (২) (৪) এক সুরে। (২) ও (৪)-এর সুর আমি একটু বদলে দিয়েছি। ইন্দিরা গায় মীরার সুরে চারটি স্তবকই—অর্থাৎ (১)-এর সুরে।

১

কহীঁ ঐসা ন হো জায়ে কহীঁ ঐসা ন হো জায়ে :
বিনা পায়ে হরী দরশন য়ে নৈনা বন্দ হো জায়ে !

২

জো মন কা মান টুটা না—হরী ক্যা তুম ন আও গে ?
জো মায়া জাল ছুটা না—দরশ ক্যা না দিখাও গে ?
তিসায়ে হৈঁ বড়ে নৈনা, তিসায়ে য়ে ন রহ জায়েঁ ।

৩

মৈ জানূ—দোষ হৈঁ লাখোঁ, হৈ পাপী তাপী মন মেরা,
হরী তুম ভকতবৎসল হো, দয়াময় নাম হৈ তেরা ।
পতিত পাবন কহাও কুঁ্যা পতিত জো শরণ ন পায়ে ?

৪

কহে মীরা : সুনো প্রভুজী, তুম্হে অব আনা হী হোগা
বিনা তেরে নহীঁ কোঈ, হমে আপনানা হী হোগা
শরণ তুমহী ন দো প্রভুজী, শরণ হমসে কহাঁ পায়ে ?

১

এমন যেন বন্ধু না হয়, এমন না হয় এই জীবনে
তোমার দরশন বিনা না মুদি দুনয়ন বেদনে ।

২

মনের অভিমান যদি না যায়—তুমি কি আসবে না হায় ?
মায়া জাল না ছিন্ন হ'লে দেবে না কি দেখা আমায় ?
কাঁদে নয়ন তৃষায়—হবে তৃষাই কি সার এ ভুবনে ?

৩

জানি—আমার দোষ অগণন, পাপী তাপী আমার এ-মন
শুধু কৃপাসিন্ধু তোমার নাম নয় কি পতিতপাবন ?
এ-নাম কেন নিলে—যদি পাপী না পায় ঠাঁই চরণে ।

৪

গায় মীরা . 'নাথ, বলি শোনো : হবেই হবেই হবে আসতে তোমায়
তুমি ছাড়া নেই কেউ যার—করতে হবেই আপন গো তায় ।
শরণ যদি না দাও তুমি—মিলবে শরণ কার বরণে ?

র্সা II ণা -া দা মা । পা -া -া মজ্ঞা I রা -া সা রা । পা -া পা পা I<br>
ক হীঁ ০ ঐ ০ সা ০ ০ ন হো ০ জা ০ য়ে ০ ০ ক

॥<br>
I রা মা জ্ঞরা সা । পা -া -া র্সা I ণা -া দা -া । পা -া -া পা I<br>
হীঁ ঐ ০ ০ সা ০ ০ ন হো ০ জা ০ য়ে ০ - বি

I রা মা জ্ঞা রা । সা -া -া রা I সণ্া -া সা রা । মা -া -া রা I<br>
না ০ পা ০ য়ে ০ ০ হ রী ০ দ র শ ০ ন য়ে

I মা রা মা -া । পা -া -া র্সা I ণা -া দা -া । পা -া -া II<br>
নৈ ০ না ০ ব ০ ন্ দ হো ০ জা ০ য়ে ০ ০

পা I রা মা জ্ঞা রা । সা -া -া রা I সণ্া -া সা রা । মা -া -া রা I<br>
জো ম ন্ কা ০ মা ০ ০ ন টু ০ টা ০ না ০ ০ হ

I মা রা মা -া । পা -া -া র্সা I ণা -া দা -া । পা -া -া মা I<br>
রী ০ ক্যা ০ তু ০ ম্ ন আ ০ ও ০ গে ০ ০ জো

I মা -া পা দা । র্সা -া -া র্সা I র্সা -া ণা র্রা । র্সা -া -া ণা I<br>
মা ০ য়া ০ জা ০ ০ ল ছুঁ ০ টা ০ না ০ ০ দ

I ণা -া র্সা র্রা । র্সর্রা র্জ্ঞা -া র্রা I র্সণা -া পা র্রা । র্সা -া -া র্সা I<br>
র শ ক্যা ০ না০ ০ ০ দি খা ০ ও ০ গে ০ ০ তি

I ণা র্সা ণা দা । পা -া -া র্সা I ণা -া দা -া । পা -া -া মা I<br>
সা ০ য়ে ০ হৈঁ ০ ০ ব ড়ে ০ নৈ ০ না ০ ০ তি

I রা মা রা মা । পা -া -া র্সা I ণা ণা দা -া । পা -া -া II<br>
সা ০ য়ে ০ য়ে ০ ০ ন র হ জা ০ য়ে ০ ০

---

২, ৩, ৪ স্তবক একই সুরে গেয়। মূল হিন্দি ভজনটির সুরে তালে বাংলা অনুবাদটি সহজেই গাওয়া যাবে

১

ক্যা তন মাঁজতা মেরে ভাঈ? ইকদিন মাটীমে মিল জানা।
জীৱন বাদল জল হৈ ভাঈ! য়ে তো ধূলীবীচ সমানা।
মাটীকা তন তেরা য়ে ফির মাটীমে মিল জানা॥

২

ভোর ভয়ে মীরা কহে: "জাগরে মন, জাগ।
হরী ভজন কী বেলা মনুৱা! অব তো নিঁদিয়া ত্যাগ।
ইকদিন্‌ মাটীমে মিল জানা॥"

৩

সাঁঝ ভয়ে মীরা কহে: "পট মন্দিরকে খোল্‌।
মৈ মেরীমে বীত গয়া দিন, অব তো গোবিন্দ বোল্‌
(দীপ ধরনকী বেলা মনুৱা! রাধেগোবিন্দ বোল্‌)
ইকদিন মাটীমে মিল জানা॥"

৪

পীর ভয়ে মীরা কহে: "অব ক্যা সোচ ৱিচার?
তু জানে তট লগী হৈ নৈয়া, য়ে তো পড়ী মঝধার।
ইকদিন মাটীমে মিল জানা।"

৫

হরষ ভয়ে মীরা কহে: "মন য়ে নহী বিসার
নিত না বগিয়া কোয়ল গায়ে, নিত ন রহেগি বহার।
ইকদিন মাটীমে মিল জানা॥"

৬

অন্ত ভয়ে মীরা কহে: "মূরখ মন! নহি ভোল।
ভগতনকে ভগৱান রখৈয়া, নাম হরীকা বোল।
(জনম মরণকে সাথী প্রভুজী, নাম হরীকা বোল॥)"

এ-মূল হিন্দি গানটি অবিকল বাংলা অনুবাদের সুরে গাওয়া যায়—কেবল চতুর্মাত্রিক ছন্দে এই যা। সুরটি এত সহজ যে বাংলা গানটির সুর আয়ত্ত হ'লে হিন্দিতেও স্বচ্ছন্দেই সেই সুর বসানো যাবে।

১

এত  আদর কেন এ-দেহের মিশাবে মাটিতে যে একদিন ?
ভাই,  জীবন মেঘের জলের মতন হবে শেষে ধূলিলীন :
তোর  মাটির এ-তনু আবার মিশাবে মাটিতে রে একদিন।

২

ভোরে  মীরা গায় : "মন! জাগরে এখন, ওঠ জেগে আয় আয়!
এল  হরিভজনের লগন, ঘুমাবি কত আর, হায় হায়!
এ-দেহ হবে শেষে ধূলিলীন।"

৩

সাঁঝে  মীরা গায় : মন! খোল্‌রে এখন মন্দির-দ্বার খোল্‌!
আজো  'আমি ও আমার' করিসে নে আর বল শুধু হরি বোল।
( এল  সন্ধ্যা দেবার লগন এবার, রাধেগোবিন্দ বোল। )
এ-দেহ হবে শেষে ধূলিলীন।"

৪

এলে  বেদনা গহন মীরা গায় : "মন! মজিলি এ কী মায়ায় ?
ভেবে :  ভিরায়েছে কূলে তরী—যে অকূলে ধায় মাঝ দরিয়ায়।
এ-দেহ হবে শেষে ধূলি লীন।"

৫

এলে  সুখের প্রভাত মীরা গায় : "মন! ভুলিস নে বারে বারে :
চির  দিন নন্দনে গায় না কোকিল, বসন্ত থাকে নারে!
এ-দেহ হবে শেষে ধূলিলীন।

৬

মীরা  গায় দিনান্তে : "ওরে ভোলা মন! ছাড়িস নে তুই হাল,
কর  হরি নাম, রাখে ভক্তেরে ভগবান্‌ সে-দীন দয়াল,
( সে যে  জনমে মরণে সাথী, নাম তার কর না সাঁঝ সকাল। )"

I সা রা ধ্া সা I রা পা -া ধা । পা -া মা পা I গা -া মা গা । রা গা সা রা I
ক্যা • ত ন  মা • • জ  তা • মে রে  ভা • ঈ •  ই ক দি ন

I গা -া গা মা । গা -া রা গা I সরা -া সা -া সা রা ধ্া সা I
মা ॰ টী ॰ মে ॰ মি ল্ জা ॰ না ॰ জী ॰ ব ন্

I রা মা মা মা । মা মা মা পা I পা -া পা -া । পা -া পা ধা I
বা ॰ দ ল জ ল হৈ ॰ ভা ॰ ঈ ॰ য়ে ॰ তো ॰

I ধা র্সা র্সা -া । না -া ধা না I পধা -া পা -া । মা -া -া -া I
লী বী ॰ চ স মা না ॰ ॰ ॰ ॰

I মা -া মা ধা । ধা -া ধা পা I পা -া পা ধা । পা -া মা -া I
মা ॰ টী ॰ কা ॰ ত ন তে ॰ রা ॰ য়ে ॰ ফি র

I মা -া মা ধা । পা -া মা পা I গমা -া গা -া । মা গা সা রা I
মা ॰ টী ॰ মে ॰ মি ল জা ॰ না ॰ ই ক দি ন

II গা -া গা পা I গা -া রা গা I সরা -া সা -া । -া -া -া -া I
মা টী মে মি ল জা ॰ না ॰ ॰ ॰ ॰

I সা রা রা মা । মা -া মা পা I পা -া -া পা । প়া -া মা -া I
ভো ॰ র ভ য়ে ॰ মী ॰ রা ॰ ॰ ক হে ॰ ॰ ॰
সাঁ ॰ ঝ ভ য়ে ॰ মী ॰ রা ॰ ॰ ক হে ॰ ॰ ॰

I মা ধা -া পা । ধা -া পা ধা I মপা -া -া -া । -া -া -া -া I
জা ॰ ॰ গ রে ॰ ম ন জা ॰ ॰ ॰ ॰ ॰ ॰ গ্
প ট ম ন্ দি র কা ॰ খো ॰ ॰ ॰ ॰ ॰ ॰ ল্

I মা ধা -া ধা । ধা -া ধা পা I পা -া পা ধা । পা পা মা -া I
হ রী ॰ ভ জ ন কী ॰ বে ॰ লা ॰ ম নু য়া ॰
মৈ ॰ মে ॰ রী ॰ কে ॰ বী ॰ ত গ য়া ॰ দি ন

I মা -া মা ধা । পা পা মা পা I গা মা গা -া । রা গা সা রা II
অ ব তো ০ নি দি য়া ০ ত্যা ০ ০ গ ই ক দি ন
অ ব তো ০ গো ০ বি ন্দ বো ০ ০ ল ই ক দি ন

বাকি তিনটি স্তবক প্রথম দুটি স্তবকের সুরেই অবিকল গেয়। দুটি বন্ধনীর মধ্যে যে দুই চরণ আছে তারা "মৈ মেরীকে…বোল্" সুরেই গেয়। অর্থাৎ প্রতি স্তবকের দ্বিতীয় চরণের সুরে। খুবই সহজ সুর, তাই প্রতি চরণের কথাগুলি আলাদা বসানো হ'ল না স্বরলিপির নিচে স্থান সংক্ষেপার্থে।

সরা ধ্সা I রা রমা পধা I পা মা পা I গা গা মগা । রগা সা রা I
এ ত আ দ০ ০র কে ন এ দে হে র মি০ শা বে

I গা গা মা । গা রা গা I সরা সা -া । ‖ -া সরা ধ্সা I
মা টি তে যে এ ক দি ০ ০ ন্ ভা০ ০ই

I রা মা মা । মা মা পা I পা পা পা । পা পা ধা I
জী ব ন মে ঘে র জ লে র ম ত ন

I ধা র্সা র্সা । না ধা না I পর্ধা পা -া । মা মা -া I
হ বে শে যে ধূ লি লী ০ ০ ন্ তো র

I মা মা ধা । ধা ধা ধপা I পা পা ধা । পা পা মা I
মা টি র এ ত সু০ আ বা র মি শা বে

I মা মা ধা । পা মা পা I গমা -া -া । মগা রসা রা I
মা টি তে রে এ ক দি ০ ন এ০ দে০ হ

II গা গা পা । গা রা গা I সরা -া -া । -া -া ‖ -া I
হ বে শে যে ধূ লি ০ ০ ০ ০ ন

সা সা I সা রা রা । মা মা পা I পা -া পা । পা পা মা I
ভো রে মী রা গা য় ম ন জা গ্ রে এ ন্
সাঁ ঝে মী রা গা য় ম ন খো ল্ রে এ ন্

মা ধা ধা । ণধা পা ধা I মপা মা -া । -া মা মা I
ও ঠ্ জে গে আ য় আ ০ ০ য় এ ল
ম ন্ দি র দ্বা র খো ০ ০ ল্ আ জো

মা ধা ধা । ধা ধা পা I পা পা ধা পধপা মা মা I
হ রি ভ জ নে র ল গ ন ঘু ০ ০ মা বি
আ মি ও আ মা র ক রি স নে ০ ০ আ র

I মা ধা পা । মা মা পা I গমা গা -া । মগা রসা রা II
আ র ক ত হা য় হা য় এ ০ দে ০ হ
ব ল শু ধু হ রি বো ল এ ০ দে ০ হ

তৃতীয় চতুর্থ পঞ্চম ও ষষ্ঠ স্তবক দ্বিতীয় স্তবকের সুরে গেয়। বন্ধনীর মধ্যে অংশটুকু পাঠান্তর "এল হরিভজনের হায় হায়" সুরে গেয়। সুর খুবই সহজ তাই শেষ তিন স্তবকের স্বরলিপি আলাদা দেওয়া হ'ল না। ইতি—

—স্বরলিপিকার

১

ও নীলকে তারো ! ও রাতকে প্যারো !
দেখা হৈঁ কহীঁ বোল তো ঘনশ্যাম হমারে,
ইন নৈনকে তারে ?
হৈ চন্দ্রবদন পীতবসন মাল গলে হৈ
শির মোর মুকুট রাধা নিকট ঝুম চলে হৈ।

২

বেহাল তরঙ্গো ! যমুনাকি উমঙ্গো !
দেখে হৈ কহীঁ বোলো তো গোপাল হমারে,
জীবনকে সহারে ?
বহ সাজ সজা ঘাটপে আ নাচে হৈ গায়ে।
বহ সখিয়োঁকে সঙ্গ অপনে হি রঙ্গ রাস রচায়ে

৩

কোয়েলিয়া দিবানী ! ও কুঞ্জ কি রাণী !
দেখে হৈঁ কহীঁ বোল সখী, নাথ হমারে,
গোকুলকে দুলহারে ?
বহ লগন লগা, প্রীত জগা ছোড় গয়ে হৈঁ।
হম জনম জনম উনকে থে,উনকে হি রহে হৈঁ

তৃতীয় স্তবকটি প্রথম স্তবকের সুরে গেয়

১

নীলের তারা উজ্জ্বলা ! সাঁঝের প্রেমে বিহ্বলা !
তুই বল্ না দেখেছিস কি কোথাও সে-নীলমণিকে,
আমার নয়নমণি যে ?
যার ইন্দু-আনন, পীতবসন কণ্ঠে দোলে মালা,
শিখি-চূড়া মাথায়—যার পাশে ভায় রাধা ব্রজবালা ?
নীলের তারা উজ্জ্বলা…নয়নমণি যে ?

২

নীল লহর উন্মনা ! যমুনার শিহরকামনা !
তুই বল্না না দেখেছিস কি কোথাও ভুবনমণিকে,
আমার জীবনমণি যে ?
সেজে অতুল সাজে নিতুই নাচে গায় যে অবিরাম,
গোপী সখীর সঙ্গে আপন রঙ্গে রাস রচে সুঠাম ?
নীল লহর উন্মনা…জীবনমণি যে ?

৩

কোকিল-রাণী উচ্ছ্বাসী ! প্রেমের কুঞ্জবিলাসী !
তুই বল্না দেখেছিস কি কোথাও আমার গোপালকে,
ব্রজের নন্দদুলাল যে ?
যে বেসে ভালো বাসিয়ে ভালো গেছে ছেড়ে হায়,
আমি জনম জনম ছিলাম তারি—রইব তারি পায় ?
কোকিল-রাণী উচ্ছ্বাসী !…নন্দদুলাল যে !

I র্সা র্সা -া I পা পা দা । পা -া দা I পমা -া পা । মগা মা -া I
নী লে র তা রা • উ জ্ জ্ব লা • • সাঁ ঝে র
ও • • নী • ল কে তা • রো • • ও • •

I সা ঋা -া । গা মা পা I পা -া -া । -া র্সা -া I র্সা র্মা র্জ্ঞর্মর্জ্ঞা । র্ঋা র্সা -া I
প্রে মে • বি • হ্ব লা • • • তু ই ব ল্ না দে খে •
ত কে প্যা • রো • • • দে • খে • হৈঁ ক হীঁ •

I পা র্সা র্ণসণা । দা পা -া I মগা মা -া । পা ণদা -া I পা -া দা । পমা পা-া I
ছি স কি কো থা ও সে নী ল ম ণি ॰ কে ॰ ॰ আ মা র
বো ॰ ল তো ষ ন শ্যা ॰ ম হ মা ॰ রে ॰ ॰ ই ॰ ন

I সা মা -া । জ্ঞমজ্ঞা ঋা -া I সা -া -া । -া সা -া I সা -া ঋা জ্ঞা সা -া I
ন য় ন ম ণি ॰ যে ॰ ॰ ॰ যা র ই ন্ দু আ ন ন
নৈ ॰ নো কে তা ॰ রে ॰ ॰ ॰ হৈ ॰ চ ন্ দ্র ব দ ন

I পা -া দা । ণা পা -া I র্সা -া র্ঋা র্জ্ঞা র্রজ্ঞা -া I র্ঋা র্সা -া । -া র্সা র্ঋা I
পী ॰ ত ব স ন ক ন্ ঠে দো লে ॰ মা লা ॰ ॰ শি খি
পী ॰ ত ব স ন মা ॰ ল গ লে ॰ হৈঁ ॰ ॰ ॰ সি র

I র্জ্ঞা র্রা -া । র্সা -া I র্সা ণা ধণা দা পা -া I সা ঋা -া । গা মা -া I
চূ ড়া ॰ মা থা য় যা র পা শে ভা য় রা ধা ॰ ব্র জ ॰
মৌ ॰ র মু কু ট রা ॰ ধা নি ক ট ঝ ॰ ম চ লে ॰

I পা র্সা -া । -া II
বা লা ॰
হৈঁ ॰ ॰

সা -া I ঋা সা -া । ণদ্‌া -া ণ্‌া I সা -া জ্ঞা । রা জ্ঞা -া I
নী ল ল হ র উ ন্ ম না ॰ য মু না র

I জ্ঞা মা -া । রজ্ঞা -া ঋা I সা -া -া । -া সা -া I সা -া ঋা । জ্ঞা মা -া I
শি হ র কা ম না ॰ ॰ ॰ তু ই ব ল্ না দে খে ॰

I পা -া দা । ণা র্সা -া I র্জ্ঞা র্জ্ঞা -া । র্জ্ঞা র্ঋা -া I র্সা -া -া । -া র্সা র্ঋা I
ছি স কি কো থা ও ভু ব ন ম ণি ॰ কে ॰ ॰ ॰ আ মার

I র্ণা র্সা -া । র্দা র্ঋর্ধা -া I র্সা -া -া । -া র্সা র্সা I র্ঋা র্সা -া । ণধা ণা -া I
জী ব ন ম ণি • যে • • • সে যে অ তু ল সাঁ জে •

I র্সা ণা -া । দপা দা -া I পা মা পা । মজ্ঞা মা -া I ণা -া -া । -া ণা ণা I
নি তু ই না চে • গা য় সে অ ভি • রা • • ম গো পী

I র্মা র্জ্ঞা -া । র্ঋা -া র্সা I ণা দা -া । পা -া মা I জ্ঞা -া মা । ঋজ্ঞা -া ঋা I
স খী র স ং গে আ প ন র ং গে রা স র চে • শ্য

I সা -া -া । -া I
ঠা • ম

১

ইৎনা করো হরীজী—জব অন্তকাল আয়ে,
হরিনাম মুখসে লেতে য়ে নৈন বন্দ্ হো জায়ে

২

কিৎনা সমা গঁবায়া!
জো পানা থা ন পায়া!
জীবন হৈ চলতা পল পল,
আয়ে ন আয়ে অব কল,
প্রভু, তুম ন দূর হোনা—জব অন্তকাল ছায়ে।
অপনানা তুম হরীজী—জব সব বনেঁ পরায়ে॥

৩

অপনা জিন্হেঁ বনায়া,
কোঈ ন কাম আয়া,
অব সাঁঝকী হৈ বেলা,
প্রাণী হুআ অকেলা,
অব তুম হি সাথ দেনা—জব মন তুম্হে বুলায়ে
জব তোড় সারে বন্ধন য়হ শরণ তেরি চাহে।

৪

অব ছোড় জগত সারা
ইক তেরা লুঁ সহারা,
গঙ্গাকা হো কিনারা,
মুখ নাম তেরা প্যারা,
প্রভু, সামনে আ জানা—মীরা জো শ্যাম গায়ে।
তুম হাথ পকড় লেনা—আউ তুম্হারে পায়ে।

এই প্রার্থনা—শেষে দিন আমার আসিবে বন্ধু যবে,
যেন জপিতে জপিতে নাম তোমার মুদি এ-নয়ন ভবে

কত কাটায়েছি কাল দিনে দিনে এ-ভুবনে,
ছিল পাবার যে-ধন হ'ল না পাওয়া সে-ধনে,
ঢলে পলে পলে বেলা, দেখ ঐ বেলা যায়!
যদি রবি আর কলি উদয় না হয় হায়,
দূরে থেকো না—ঘনাবে অন্তিম ছায়া যবে,
কোরো আপন আমায়—পর হবে যবে সবে।

আমি যাদের আপন বলেছি এ-বসুধায়,
গেছে মিলায়ে তাহারা—কে জানে নাথ কোথায়!

আজ ছায়াদল নামে বন্ধু, সন্ধ্যাবেলা,
নাই সঙ্গী কেহই, আমি যে বড়, একেলা
এসো কাছে চিরসাথী—ডাকিব তোমায় যবে,
কেটে বন্ধন—চেয়ে শরণ তব নীরবে।

ছিল প্রিয় পরিজন যারা নাথ সংসারে,
দিয়ে বিদায় বরণ করেছি শুধু তোমারে।
হ'য়ে গঙ্গার তটে অন্তর্জলী শ্যাম
আমি জপিব তোমারি মধুনাম অবিরাম,
এসো এসো কাছে—মীরা চাহিবে শরণ যবে
হাত ধ'রে রাঙা পায় জানি তায় টেনে লবে।

